

বাংলাদেশ দূতাবাস  
এথেন্স, গ্রীস

তারিখ: ২১/১১/২০১৬

বিজ্ঞপ্তি

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, প্রথমবারের মতো এথেন্সে অবস্থিত বাংলাদেশ দূতাবাস প্রবাসী বাংলাদেশীদের জন্য মহান বিজয় দিবস দাবা প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী প্রবাসী বাংলাদেশী নাগরিকগণকে আগামী বুধবার, ৩০ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে দূতাবাসের কনস্যুলার শাখায় যোগাযোগ করে বিনামূল্যে নিবন্ধন করার জন্য অনুরোধ জানানো গেল।


মহান বিজয় দিবস দাবা প্রতিযোগিতার অনুষ্ঠানসূচি:

তারিখ	সময়	বিষয়	স্থান
শনিবার, ০৩/১২/২০১৬	বিকাল ৩টা-৩:১০	মান্যবর রাষ্ট্রদূত কর্তৃক বিজয় দিবস দাবা প্রতিযোগিতার শুভ উদ্বোধন	বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণ
	বিকাল ৩:১০-৫:৩০	প্রতিযোগীদের মধ্যে দাবা প্রতিযোগিতা	
	বিকাল ৫:৩০-৫:৪০	মান্যবর রাষ্ট্রদূতের সমাপনী বক্তব্য	
	বিকাল ৫:৪০	ধন্যবাদ জ্ঞাপন, আপ্যায়ন	

অংশগ্রহণের যোগ্যতা

১. গ্রীসে বসবাসরত যে কোন বাংলাদেশী নাগরিক মহান বিজয় দিবস দাবা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
২. প্রতিযোগীকে দাবা খেলায় আগ্রহী ও পারদর্শী হতে হবে।
৩. অবশ্যই খেলোয়াড়-সুলভ মনোভাব থাকতে হবে।
৪. কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে মানতে হবে।



  
21.11.2016  
কর্তৃপক্ষ